

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৯, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পশ্চীম উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-ও শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ১১ মাঘ ১৪১২/২৪ জানুয়ারি ২০০৬

এস, আর, ও নং ১১-আইন/২০০৬।—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭৫-আইন/২০০৫, তারিখ ২৯ জ্যৈষ্ঠ ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ১২ জুন ২০০৫ ইন্স্টান্ড দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমবয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে The Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঙ্গর উক্ত Rules বলিয়া উন্নিবিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য কিশোরগঞ্জ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাত্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমবয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(২৫৫)

মূল্য : টাকা ২.০০

সেহেতু The Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন নিম্নতফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ২৩ মাঘ ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ৫ ফেব্রুয়ারি ২০০৬ খ্রিস্টাব্দ তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি হোসেনপুর মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে :

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	আড়াইবাড়ীয়া	আড়াইবাড়ীয়া	২৭	১-১৩৯৫
(২)	আড়াইবাড়ীয়া	চেকিয়া	৪৫	১-৭৮৭
(৩)	আড়াইবাড়ীয়া	দীপেশ্বর	৪৬	১-৮৫৬, ৮৮২-৯৩৭, ৯৪০-৯৪৬, ৯৮৫-১১৯৭
(৪)	আড়াইবাড়ীয়া	জামাইল	৪৮	১-৩৯, ৪২, ৪৩, ১০৭-২১৮, ২৩২-২৭৬, ২৯১-২৯৬, ৩৭৮-৩৯১, ৩৯৭
(৫)	আড়াইবাড়ীয়া	ধুলজুরী	৪৮	১-২০১, ৬৭৮-৭৫০
(৬)	আড়াইবাড়ীয়া	নিরাহারগাঁও	৪৩	১-৯২
(৭)	সিদলা	ধুলিহর	২৬	৩১৯-৮২৩, ৪৯৪-৫৩৩

রাষ্ট্রপতির আদেশক্রমে

সহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।